

আমারে করো জীবনদান,
প্রেরণ করো অন্তরে তব আহ্বান ॥
আসিছে কত যায় কত, পাই শত হারাই শত-
তোমারি পায়ে রাখো অচল মোর প্রাণ ॥
দাও মোরে মঙ্গলব্রত, স্বার্থ করো দূরে প্রহত-
থামায়ে বিফল সন্ধান জাগাও চিত্তে সত্য জ্ঞান ।
লাভে ক্ষতিতে সুখে-শোকে অন্ধকারে দিবা-আলোকে
নির্ভয়ে বহি নিশ্চল মনে তব বিধান ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Choutaal, Raag: Sankara
Visit www.geetabitan.com for notation and other detail